আলমডাঙ্গায় রিক্সা-ভ্যান শ্রমিক সমাবেশ অনুষ্ঠিত

আলমডাঙ্গার উপজেলা মঞ্চ চত্ত্বরে উপজেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের উদ্যোগে রিক্সা-ভ্যান শ্রমিক সমাবেশে অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সকাল ১০ টার সময় শ্রমিক সমাবেশে সভাপতিত্ব করেন, উপজেলা শ্রমিক ফেডারেশনের সভাপতি মোঃ মেহেদী ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় শ্রমিক ফেডারেশনের সাংগঠনিক সম্পাদক আক্তারুজ্জামান। তিনি বলেন, আমরা জীবনে আপনাদের মুসিপদে ফেলে চলে যাব না। সব সময় আমরা আপনাদের পাশে থাকবো, সৎ পথে থেকে আপনারা যেমন উপার্জন করেন তেমনি আমরা আমাদের বুকে টেনে নেব – এই গ্যারান্টি দিতে পারি।

আমরা যখন রাতের বেলায় বিপদে পড়ি, হাসপাতালে হোক, রেল স্টেশনে হোক বা কোনো জরুরি কাজে হোক আপনাদের সব সময় পাশে পাই, তাই আপনারা আমাদের কাছে সবচাইতে গুরুত্বপূর্ণ ব্যাক্তি।

তিনি আরও বলেন, আমরা আওয়ামী লীগের শাসন আমল দেখেছি, সেই শাসন আমলে আপনাদেরকে ভোটের কাজে ব্যাবহার করে ভোট শেষে আর কখনও খোজ নেয়নি, আমরা কথা দিলাম, আজকে যেভাবে আপনাদেরকে কাছে ডেকে নিয়েছি ভবিষ্যতে এই ভাবেই আপনারা থাকবেন। তবে কথা দেন আমাদের ছেড়ে চলে যাবেন না, আমরা আপনাদের সাথে অন্তত বেইমানি করবো না।

সভায় প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য প্রার্থী ও জেলা আমির রুহুল আমিন। এসময় তিনি বলেন, আপনারা যারা দিনরাত গায়ের রক্তঘাম ঝরিয়ে সৎ উপার্জন করেন, তারা সত্যিকার সৎ মানুষ, যাদের কোন বড় চাহিদা নেই, আমি আপনাদের কাছে ওয়াদা করছি, আপনাদের ভোটে নির্বাচিত হয়ে আমরা কোন অসৎ অর্থ উপার্জন করবো না। আমি বলতে চাই,”সৎলোকের শাসন কায়েম হয়েছে এই জমিনে এই দৃশ্য দেখে মৃত্যুবরণ করার তৌফিক আল্লাহ আমাদের দান করে দিও। আজকে আপনারা যারা জামায়াতের আদর্শে অনুপ্রাণিত হয়ে শ্রমিক ফেডারেশনের সাথে যুক্ত হয়েছেন, তাদের আমরা আমাদের সহোদর ভাইয়ের মত আপন হিসেবে আমাদের বুকে টেনে নিলাম। আমরা স্পষ্ট ভাবে জানিয়ে দিতে চাই, বাংলাদেশ জামায়াতে ইসলামীর সাথে রাজনৈতিক ভাবে

জড়িত থাকলে দুনিয়াতে কতটুকু শক্তি অর্জন করতে পারবেন জানি না, তবে আপনি মানসিক প্রশান্তি পাবেন এ ব্যাপারে কোন সন্দেহ নেই।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা জামায়াতের সেক্রেটারি ও চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য প্রার্থী এ্যাড. মাসুদ পারভেজ রাসেল, জেলা শ্রমিক ফেডারেশনের সভাপতি কাইয়ুম উদ্দিন হিরক, জেলা সমাজকল্যাণ সম্পাদক আলতাফ হোসেন, জেলা যুব বিভাগের সভাপতি নূর মোহাম্মদ হুসাইন টিপু, জেলা আইন ও আদালত বিষয়ক সম্পাদক মোঃ দারুস সালাম, আলমডাঙ্গা উপজেলা আমীর প্রভাষক শফিউল আলম বকুল, পৌর আমির মাহের আলী, জেলা শ্রমিক কল্যান সম্পাদক মহসিন আলী, উপজেলা জামায়াতের সাধারণ সম্পাদক মামুন রেজা, পৌর জামায়াতের সম্পাদক মসলেম উদ্দিন, উপজেলা নায়েবে আমির ইউসুফ আলী মাষ্টার, সহকারি সেক্রেটারি তরিকুল ইসলাম, সহকারি সেক্রেটারি বেলাল হোসেন প্রমুখ।

ঝিনাইদহে তিন দফা দাবিতে শ্রমিক সমাবেশ অনুষ্ঠিত

সরকারি নির্দেশনা মোতাবেক শ্রমিকদের নিয়োগপত্র প্রদান এবং বেতন খোরাকী বৃদ্ধির দাবিতে ঝিনাইদহে শ্রমিক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকালে শহরের কেন্দ্রীয় বাসটার্মিনালে জেলা বাস মিনিবাস কোচ ও মাইক্রোবাস শ্রমিক ইউনিয়নের আয়োজনে জেলা বাস মিনিবাস কোচ ও মাইক্রোবাস শ্রমিক ইউনিয়নের সভাপতি ওলিয়ার রহমান খাঁনের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন জেলা জাতীয় শ্রমিক লীগের সাধারণ সম্পাদক ও সাবেক কার্যকারী সভাপতি একরামুল হক লিকু,সাধারণ সম্পাদক আশরাফুর জামান খোকন,কার্যকারী সভাপতি আবু সাইদ, সহ-সভাপতি আমির ফয়সাল মোহাব্বত,যুগ্ম-সম্পাদক হানিফ খান,সহ-সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম, আফতাব হোসেন, সাংগঠনিক সম্পাদক খায়রুল ইসলাম, সহ-সাংগঠনিক সম্পাদক আব্দুর রাজ্জাক, দপ্তর সম্পাদক টুলু বিশ্বাস চুন্নু,প্রচার সম্পাদক ফিরোজ বিশ্বাস, ক্রীড়া বিষয়ক সম্পাদক লিটন মিয়া,শ্রম ও কল্যাণ সম্পাদক আনিচুর রহমান,

কোষাধ্যক্ষ শহিদুল ইসলাম, সড়ক সম্পাদক জাহাঙ্গীর হোসেন, কার্য নির্বাহী সদস্য মশিয়ার রহমান, মফিজুর রহমান সুমন,দিলিপ হোড়,আব্দুল বারি প্রমূখ।উল্লেখ্য,শ্রমিকদের তিন দফা দাবি আগামী ৭২ ঘন্টার মধ্যে মানা না হলে বৃহত্তর কর্মসূচী দেবার ঘোষণা দেন শ্রমিক নেতারা।